



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

২/১০১/১১৬/১১৬/১০

তারিখ

২৪/০১/২০২০

প্রেরক: চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

প্রাপক: আনোয়ারুল হক

উপ-সচিব

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারী মাধ্যমিক-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা


বিষয়: মসজিদ মিশন একাডেমী (স্কুল এন্ড কলেজ), রাজশাহী এর পরিচালনা কমিটি সংক্রান্ত।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নম্বর-৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.২৩৪, তারিখ-১০ সেপ্টেম্বর ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, রাজশাহী জেলার বোয়ালিয়া থানাধীন মসজিদ মিশন একাডেমী (স্কুল এন্ড কলেজ) প্রতিষ্ঠাকালীন সময় থেকেই একটি সংস্থা পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে তার কার্যক্রম চালিয়ে আসছে। সেই হিসেবে প্রবিধানমালা-২০০৯ এর ধারা ৪৯ মোতাবেক প্রতিষ্ঠানটি বরাবরই ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বিশেষ গভর্নিং বডির মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় গত ১৫/০১/২০২০ তারিখে প্রতিষ্ঠানটিকে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি বিশেষ গভর্নিং বডির অনুমোদন দেয়া হয় (মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিতকৃত)। কমিটির সদস্যগণ নিম্নরূপ:

- (১) খন্দকার মো: হাবিবুর রহমান (অব: এএসপি, বাংলাদেশ পুলিশ)-সভাপতি (সংস্থা প্রধান কর্তৃক মনোনীত)
- (২) অধ্যক্ষ, মসজিদ মিশন একাডেমী (স্কুল এন্ড কলেজ), রাজশাহী -সদস্য সচিব
- (৩) মো: আহমাদুল হক-শিক্ষক প্রতিনিধি
- (৪) মো: আব্দুল মোমিন ওলি-শিক্ষক প্রতিনিধি
- (৫) মো: আব্দুল হামিদ-অভিভাবক সদস্য
- (৬) মোছা: নাসরিন সুলতানা-অভিভাবক সদস্য
- (৭) মো: নুরুল ইসলাম-অভিভাবক সদস্য

উক্ত অনুমোদিত কমিটির বিরুদ্ধে গত ১৯/০১/২০২০ তারিখে অত্র দপ্তরে অধ্যক্ষের জালিয়াতি সংক্রান্ত একটি অভিযোগ নামা দাখিল হলে বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি তদন্তের জন্য সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন কে দায়িত্ব প্রদান করেন। রা:সি:ক: সচিব মহোদয় গত ১১/০৩/২০২০ তারিখে উক্ত তদন্তের প্রতিবেদন দাখিল করেন, যেখানে প্রতিষ্ঠানটির অধ্যক্ষের অসংগতির বিষয়টি তিনি বিশেষভাবে উল্লেখ করেন। এদিকে অভিযোগকারী মো: নুরুল ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ মসজিদ মিশন, রাজশাহী জেলা শাখা নিজেই আবার উল্লিখিত অনুমোদিত কমিটির বিরুদ্ধে মহামান্য হাইকোর্টে ৯০০/২০২০ নং রীট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত প্রথমে এক মাসের জন্য এবং পরবর্তীতে আরো তিন মাসের জন্য উক্ত কমিটির কার্যক্রম স্থগিত করেন। সেই কারণে বর্তমানে প্রতিষ্ঠানটিতে কোন অনুমোদিত কমিটি কার্যকর নাই। উল্লেখ্য, উক্ত কমিটির তিন জন অভিভাবক সদস্যই ইতিমধ্যে পদত্যাগ করেছেন।



১৪.১.২০ ২০


প্রফেসর ড. মোহা: মোকবুল হোসেন (আইডি নম্বর-৪৩৫৪)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন: ০৭২১-৭৭৬২৭০ (পি.এস)


১৪/০১/২০২০


১৪/০১/২০

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর

৯/১০৮/১১৬/১৬/১৯৯৩

তারিখ

১৪/০৮/২০২০

প্রেরক : কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : অধ্যক্ষ
আলাবক্স মেমোরিয়াল ডিগ্রি কলেজ
ডাক-সত্রাজিতপুর উপজেলা: শিবগঞ্জ, জেলা: চাঁপাইনবাবগঞ্জ

বিষয় : জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংবিধি ১৯৯৩ মোতাবেক গভর্ণিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য মনোনয়ন প্রসঙ্গে

সূত্র : অধ্যক্ষের আবেদনের তারিখ: ০৪/০৮/২০২০

কর্তৃপক্ষের নির্দেশক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী কলেজ সমূহের কমিটি গঠন সংক্রান্ত সংবিধি ১৯৯৩ এর ৪(২) (।।।) (গ) ধারা মোতাবেক আপনার কলেজের গঠিত গভর্ণিং বডিতে অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের পক্ষ হতে বিদ্যোৎসাহী সদস্য হিসাবে মো: আফতাব উদ্দিন, পিতা-মৃত আমজাদ আলী মন্ডল কে মনোনয়ন প্রদান করা হ'ল।

প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- মো: আফতাব উদ্দিন, বিদ্যোৎসাহী সদস্য
আলাবক্স মেমোরিয়াল ডিগ্রি কলেজ
ডাক-সত্রাজিতপুর উপজেলা: শিবগঞ্জ, জেলা: চাঁপাইনবাবগঞ্জ

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী